ঝিনাইদহে মহাসড়ক অবরোধ করলেন বাস শ্রমিকরা

ইজিবাইক আটক ও টাকা আদায়ের অভিযোগে বৃহস্পতিবার ঝিনাইদহ বাস মালিক ও শ্রমিক ইউনিয়নের দুই সদস্য আটক করে পুলিশ। এ ঘটনার প্রতিবাদে মহাসড়ক অবরোধ করে বাস শ্রমিকরা। বৃহস্পতিবার বেলা ১২টা থেকে এ সড়ক অবোরধ করা হয়। এতে ঝিনাইদহের সাথে মাগুরা, যশোর, চুয়াডাঙ্গা ও কুষ্টিয়াসহ সারা দেশের যান চলাচল প্রায় দু’ঘন্টা বন্ধ থাকে। ফলে যাত্রী সাধারনরা পড়ে চরম দুর্ভোগে। প্রায় দু’ঘন্টা সড়ক অবরোধের পর জেলা প্রশাসন ও পুলিশের আশ্বাসে সড়ক অবরোধ তুলে নেয় শ্রমিকরা। অভিযোগ পাওয়া গেছে, জলো শহরের বিভিন্ন প্রবেশ মুখে বাস মালিক সমিতি ও বাস মিনিবাস শ্রমিক ইউনিয়নের নেতারা তল্লাসী বসিয়ে ইজিবাইক আটক করে।

আটককৃত ইজিবাইক ধরে মালিক সমিতির অফিসে এনে টাকা নিয়ে ছেড়ে দেওয়া হয়। এমন অভিযোগ করেন গ্রাম থেকে আসা ইজিবাইক চালকরা। একাধিক ইজিবাইক চালক অভিযোগ করেন তারা রোগী নিয়ে বা গ্রাম থেকে বৃদ্ধ মানুষদের টিকা দিতে ঝিনাইদহ শহরে প্রবেশের সময় তাদের ইজিবাইক আটক করে টাকা আদায় করা হয়।

প্রতিদিনি এভাবে হাজার হাজার টাকা ওঠানো হলেও আইনশৃংখলা রক্ষাকারী বাহিনী কোন পদক্ষেপ গ্রহন করে না বলে অভিযোগ। সাবেক পুলিশ সুপার হাসানুজ্জামান এ ধরণের চাঁদাবাজী ও শ্রমিক বিট সব বন্ধ করে দিলেও তা আবার চালু হয়েছে। জেলা ট্রাফিক পুলিশ এর ধৈতা নিয়ে প্রশ্ন তুলেছে। ট্রাফিক পরিদর্শক সালাউদ্দীন এ বিষয়ে জানান, একমাত্র পুলিশ ছাড়া কারো যানবাহন আটক করার রাইট নাই। যারা করেন তারা অবৈধ ভাবে করেন। তিনি বলেন বৃহস্পতিবার আসলে কি ঘটনা ঘটেছিল তা সম্পর্কে তিনি অবগত নন।

ঝিনাইদহ সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার আবুল বাশার জানান, ইজিবাইক আটকের ক্ষমতা শ্রমিকদের নেই। যদি আইনশৃংখলা কমিটির রেজুলেশন থাকে তবেই বৈধতা পাবে। তার আগে ইজিবাইক আটক বা টাকা আদায় করা যাবে না। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সেলিম রেজা জানান, এ বিষয়ে জেলা প্রশাসক একটি সমাধান দিয়েছেন। কোন সংগঠন বিট বসিয়ে যানবাহন আটক করতে পারবে না। ঝিনাইদহ বাস মিনিবাস শ্রমিক ইউনিয়নের সভাপতি ওয়ালিয়ার রহামান জানান, শহরের চুয়াডাঙ্গা

বাস স্টান্ডে ইজি বাইকে যাত্রী উঠানো নিয়ে ইজি বাইক ও বাস শ্রমিকের মধ্যে বাকবিতান্ডার সৃষ্টি হয়। এক পর্যায়ে পুলিশ বাস মালিক সমিতির নেতা শান্তি কুমার দাস ও শ্রমিক নেতা ইমরান হোসেনকে আটক করে।

আটকের খবর ছড়িয়ে পড়লে শহরের আরাপপুর, টার্মিনাল, বাইপাস ও চুয়াডাঙ্গা বাসস্ট্যান্ডে অবস্থান নেয়। পরে শ্রমিকদের পুলিশ ছেড়ে দিলে দুই ঘন্টা পর অবরোধ তুলে নেওয়া হয়। ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মো: সোহেল রানা বলেন, শ্রমিকদের সাথে পুলিশের একটু ভুলবোঝাবুঝি হয়েছিল। আলোচনার এক পর্যায়ে উভয় পক্ষের সমঝোতার মাধ্যমে তাদের ছেড়ে দেওয়া হয়। পরে তারা সড়ক অবরোধ তুলে নেয়।

ঝিনাইদহে সোনা পাচারকারি চক্রের ১ সদস্য ডিবি হাতে গ্রেপ্তার

ঝিনাইদহ সদর উপজেলার সাধুহাটী মোড় থেকে গোয়েন্দা পুলিশ (ডিবি) অভিযান চালয়ে ৬.৪০ গ্রাম সোনার গহনা জব্দ করেছে। সাথী পরিবহনের একটি বাসে এই সোনা পাচার করা হচ্ছিল। এ সময় ডিবি পুলিশের হাতে আটক হয়েছেন ফয়সাল আহম্মেদ নামে এক চোরাকারবারী। তিনি কুমিল্লা জেলার চান্দিনা উপজেলার স্বর্ণকার গ্রামের শহিদুল্লার ছেলে। ঝিনাইদহ পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম জানান, গোন সুত্রে কভর পেয়ে বৃহস্পতিবার সকাল ৮ টার দিকে সাধুহাটি বাসষ্ট্যান্ডে স্পিডব্রেকারে তল্লাসী চৌকি স্থাপন করে ডিবি পুলিশের একটি দল। ডিবি পুলিশের কাছে আগেই খবর আসে চুয়াডাঙ্গার কার্পাসডাঙ্গা থেকে চোরাকারবারীরা স্বর্ণালংকার নিয়ে ঝিনাইদহের দিকে রওনা হয়েছে। পুলিশ সুপারের ভাষ্যমতে, সাথী পরিবহের বাসটি সাধুহাটী নামক স্থানে পৌছালে ডিবি পুলিশ গতিরোধ করে বাসটি তল্লাসী করে এবং ৬.৪০ গ্রাম ওজনের সোনার গহনাসহ ফয়সালকে আটক করে। তথ্য নিয়ে জানা গেছে, ঝিনাইদহ-চুয়াডাঙ্গা ও জীবননগর-কালীগঞ্জ সড়ক পথে দীর্ঘদিন থেকে সোনা চোরাচালানের নিরাপদ রুট হিসেবে ব্যবহার করছে

চোরাকারবারীরা। মাঝেমধ্যে এ সব সোনা ও রুপার চালান ধরা পড়লেও বেশির ভাগ অধরাই থেকে যায় বলে কথিত আছে।

শৈলকুপায় ট্রাফিক পুলিশের বিশেষ অভিযান

ঝিনাইদহের শৈলকুপায় সড়ক দূর্ঘটনা রোধকল্পে ট্রাফিক পুলিশের বিশেষ অভিযান পরিচালনা করা হয়েছে। বৃহস্পতিবার সকাল থেকে দুপুর পর্যন্ত উপজেলার কবিরপুর মোড়,চৌরাস্তা মোড় সহ শহরের বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করে ঝিনাইদহ ট্রাফিক পুলিশ।
পুলিশ সুপার মুনতাসিরুল ইসলামের নির্দেশে ঝিনাইদহের ট্রাফিক ইন্সপেক্টর সালাউদ্দিনের নেতৃতে সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান পরিচালনা করে অবৈধ মোটরসাইকেল ও হেটমেট না থাকায় ২১ টি মোটরসাইকেল আটক ও ২৫ টি মামলা দায়ের করা হয়।
এসময় টিআই মশিউর,টিআই জিয়ারুল,সার্জেন্ট আসাদ,সার্জেন্ট শুভসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।
ঝিনাইদহ ট্রাফিক ইন্সপেক্টর সালাউদ্দিন জানান, অবৈধ মোটরসাইকেল ও হেটমেট ব্যাতিত মোটরসাইকেল আরোহীদের বিরুদ্ধে এ অভিযান অব্যাহত থাকবে ।

সাংবাদিকের বিরুদ্ধে মামলার প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত

বাংলাদেশ প্রতিদিন,কালেরকন্ঠ’র সম্পাদকসহ ১১ সাংবাদিকের বিরুদ্ধে মামলার প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

বুধবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে এ কর্মসূচীর আয়োজন করে ঝিনাইদহ প্রেসক্লাব ও বাংলাদেশ মফস্বল সাংবাদিক ফোরাম।

এসময় বক্তব্য রাখেন ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান,কালেরকন্ঠ’র জেলা প্রতিনিধি এম সাইফুল মাবুদ, প্রথম আলো’র স্টাফ রিপোর্টার আজাদ রহমান,সিনিয়র সাংবাদিক দোলোয়ার কবির,ঝিনাইদহ প্রেসক্লাবের সহ-সভাপতি ফয়সাল আহমেদ,সহ-সম্পাদক কে এম সালেহ,আইসিটি বিষয়ক সম্পাদক শাহানুর আলম,প্রচার সম্পাদক শামীমুল ইসলাম শামীম,বাংলাদেশ প্রতিদিন পত্রিকার ঝিনাইদহ প্রতিনিধি শেখ রুহুল আমিন,হরিণাকুন্ডু প্রেসক্লাবের সভাপতি এম সাইফুজ্জামান তাজুসহ অন্যান্যরা।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে জেলা ও বিভিন্ন উপজেলায় কর্মরত সাংবাদিকরা অংশ নেয়।এসময় বক্তারা,সারাদেশে সাংবাদিকদের নামে দায়ের করা মিথ্যা মামলা প্রত্যাহারের দাবি জানান।

ঝিনাইদহে কৃষকের শেষ সম্বল ৪ টি গরু নিয়ে গেল চোরচক্র

‘আমার জমি-জাতি কিছু নেই। মানুষের জমি লিজ নিয়ে চাষ করি। কষ্ট করে ৪ টে গরু পালিছিলাম। ২ টোর বাছুর হয়েছে। বাছুরগুলো বড় করতিছি। গরু কয়ডা পুষে ভাবছিলাম সংসার টা ভালো মত চালাবো। অনেক কষ্ট করে গরু গুলো গুছাইচি। দুধ পর্যন্ত দুয়ায়নে। খাওয়ার জন্যিই রাখিনে যে বাছুর বড় হোক। আমার কষ্টের গরুগুলো সব চুরি করে নিয়ে গেছে ভাই। আমার দুটো দুধ খাওয়া বাছুরগুলো থুয়ে গরু নিয়ে গেছে। ভগবান ওদের বিচার করবে। এর থেকে আমার মৃত্যুও ভালো ছিল’। কাঁদতে কাঁদতে কথাগুলো বলছিল সদর উপজেলার পদ্মাকর ইউনিয়নের লৌহজংগা গ্রামের হতদরিদ্র কৃষক অসিম বিশ্বাস। মঙ্গলবার গভীর রাতে তার ৩টি গাভী ও ১ টি বকনা গরু নিয়ে গেছে চোর।
তিনি জানান, মঙ্গলবার রাত ১০ টার দিকে ৪ টি গরু খেতে দিয়ে ঘুমাতে যান তিনি। রাত ৩ টার দিকে ঘুম থেকে জেগে দেখেন গোয়ালে গরু নেয়। গোয়ালের তালা ভেঙ্গে, গরুর গলায় দেওয়া শেকল কেটে গরুগুলো চোর

চক্র নিয়ে যায়। সকাল থেকে বাছুর দুটি দুধের জন্য ছটফট করছে। ৪ টি গরুর মুল্যে আনুমানিক সাড়ে ৪ লাখ টাকা। গরুগুলো চুরি হওয়ায় দিশেহারা হয়ে পড়েছেন তিনি।
ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মো: সোহেল রানা বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে অফিসার পাঠিয়েছি। অভিযোগের ভিত্তিতে চুরি যাওয়া গরুগুলো উদ্ধারসহ চোরদের ধরার চেষ্টা চলছে।

ঝিনাইদহে করোনা পর্যবেক্ষণ হেল্প সেলে’র উদ্বোধন

মহামারী করোনা ভাইরাস প্রতিরোধ ও জেলায় করোনায় আক্রান্ত রোগীদের সহযোগিতার জন্য করোনা পর্যবেক্ষণ হেল্প সেলে’র উদ্বোধন করা হয়েছে। জেলা বিএনপির উদ্যোগে গত সোমবার রাতে শহরের গীতাঞ্জলি সড়কের এ সেল’র উদ্বোধন করা হয়।

জেলা বিএনপি’র সাবেক যুগ্ম-সম্পাদক এম শাহজাহান আলী’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন সদর উপজেলার সাবেক উপজেলা চেয়ারম্যান এ্যাড. আব্দুল আলিম, জেলা যুবদলের সভাপতি আহসান হাবীব রনক, সদর থানা যুবদলের আহবায়ক আশরাফুল ইসলাম আশরাফ, জেলা কৃষকদলের সিনিয়র যুগ্ম-আহবায়ক শামসুর রহমান, ঢাকা মহানগর ছাত্রদল (পশ্চিম) শোয়ায়েব রহমান বাপ্পি, জেলা ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি মিরাজুল ইসলাম মিরাজ প্রমুখ।

করোনা হেল্প সেলের সার্বিক সহযোগিতায় দায়িত্ব পালন করছেন ড্যাব কেন্দ্রীয় নির্বাহী কমিটি ও জেলা বিএনপির সদস্য ডাঃ ইব্রাহিম রহমান বাবু। আলোচনা সভা শেষে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ও ঝিনাইদহ-২ আসনের সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মসিউর রহমান‘এর তত্ত্বাবধায়নে “করোনা পর্যবেক্ষণ হেল্প সেলের কার্যক্রমের উদ্বোধন করা হয়।

অবুঝ শিশু ফাতেমার রাস্তা পার হওয়া আর হলো না

ঝিনাইদহে ট্রাকের ধাক্কায় ফাতেমা (৫) নামে এক শিশুর মৃত্যু হয়েছে। মঙ্গলবার বিকাল ৩টার দিকে ঝিনাইদহ চুয়াডাঙ্গা সড়কের জেলা কারাগারের সামনে এ দুর্ঘটনাটি ঘটে। নিহত শিশু সদর উপজেলার বাড়িবাথান চরপাড়া গ্রামের মাজেদ হোসেনের মেয়ে। এদিকে শিশুটির মৃত্যুর ঘটনার প্রতিবাদে ওই এলাকার বিক্ষুব্ধ লোকজন রাস্তা অবরোধ করে রাখে। এ সময় ব্যস্ত ওই সড়কে দীর্ঘ যানজটের সৃৃষ্ট হয়। পরে পুলিশ গিয়ে উত্তেজিত লোকজনকে বুঝিয়ে পরিস্থিতি শান্ত করে। ঝিনাইদহ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার সুমন আলি জানান, দুপুরে শিশু ফাতেমা তার খালুর সাথে বেটারি চালিত ইজিবাইকে আত্মীয় বাড়িতে যাচ্ছিল। তারা ঝিনাইদহ জেলা কারাগারের সামনে এসে গাড়ি থেকে নেমে শিশুর খালু গাড়ি ভাড়া দিচ্ছিলেন আর শিশু ফাতেমা সড়কের উপর দিয়ে দৌড় দিয়ে রাস্তা পারাপারের সময় ঝিনাইদহ গামি একটি ট্রাক তাকে থাক্কা দিলে ঘটনাস্থালেই সে মারা যায়। ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ সোহেল রানা এই ঘটনার সত্যতা নিশ্চিত করেন। তিনি বলেন, স্থানীয় লোকজনের সহায়তায় ট্রাকটিকে আটক করা গেলেও চালক পালিয়ে গেছে।

ঝিনাইদহের মধুপুরে মৃত চিতাবাঘ উদ্ধার,উৎসুক জনতার ভিড়

ঝিনাইদহের মধুপুর গ্রামের চৌরাস্তা থেকে একটি মৃত চিতাবাঘ উদ্ধার।কোথা থেকে আসলো এই চিতাবাঘ?এসব নিয়ে সকলের মধ্যে কৌতুহল বিরাজ করছে এবং গ্রামবাসী চিতাবাঘ দেখতে ভীড় জমাচ্ছে।

সোমবার দুপুর ১২ টার দিকে ঝিনাইদহ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং

কলেজের পাশের একটি ধানের জমি থেকে মৃত চিতাবাঘটি উদ্ধার করা হয়। গ্রামবাসী জানায়,স্থানীয় ২ জন ব্যক্তি জমিতে ধান কাটতে আসে। হঠাৎ করেই তারা লক্ষ্য করে ধানের জমিতে কিছু একটা পড়ে রয়েছে।এরপর তারা যখন বুঝতে পারে এটি একটি মৃত পশু।তখন তারা মৃত পশুটির কাছে আসে এবং স্থানীয় ব্যক্তিবর্গের মাধ্যমে চিতাবাঘটি শনাক্ত করে। স্থানীয়দের ধারণা চিতাবাঘটি দুই দিন আগে মারা গেছে।

কোটচাঁদপুর ইউনিয়ন যুবলীগের শোক দিবসের দোয়া ও খাবার বিতরণ অনুষ্ঠিত

স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবসে সকল শহীদের মাগফিরাত কামনায় বাংলাদেশ আওয়ামী যুবলীগ উপজেলার শাখার মাসব্যাপী কর্মসূচি হিসাবে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার কুশনা ইউনিয়ন যুবলীগের উদ্যোগে দোয়া অনুষ্ঠান ও খাবার বিতরণ করা হয়েছে।

সোমবার বিকালে কুশনা ইউনিয়ন আওয়ামী যুবলীগের আয়োজনে স্থানীয় ইউনিয়ন পরিষদ চত্তরে আলোচনা সভা, দোয়া অনুষ্ঠান ও খাবার বিতরণ করা হয়। কুশনা ইউপি চেয়ারম্যান ও ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক আব্দুল হান্নানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ইউনিয়ন আ.লীগের সভাপতি আবুল হোসেন আবু।

ইউপি সদস্য ও যুবলীগ নেতা গোলাম কিবরিয়া বিপ্লবের সঞ্চালনায় আলোচনা সভায় প্রধান বক্তা ছিলেন, সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও জেলা যুবলীগের যুগ্ন-আহ্বায়ক মোঃ রাশিদুর রহমান। বিশেষ অথিথি হিসাবে উপস্থিত ছিলেন, কুশনা ইউনিয়ন আ.লীগের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, উপজেলা যুবলীগের আহ্বায়ক মীর মনিরুল আলম মনি, যুগ্ন-আহ্বায়ক আশরাফুল ইসলাম খোকন, যুগ্ন-আহ্বায়ক মোঃ আজম বিশ্বাস।

এছাড়াও সভায় বক্তব্য রাখেন, উপজেলা পরিষদের মহিলা ভাইস

চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, পৌর যুবলীগের সভাপতি মেহেদী হাসান বুলবুল, উপজেলা আ.লীগের সহ-সভাপতি কায়দার রহমান, উপজেলা যুবলীগের সাবেক সভাপতি মীর কামেম আলী, উপজেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক ও ইউপি সদস্য বিএম নাসির উদ্দিন প্রমূখ। আলোচনা সভা শেষে দোয়া অনুষ্ঠান এবং দুস্থ্যদের মাঝে খাবার বিতরণ করা হয়।

ঝিনাইদহ সদর উপজেলা স্বাস্থ্যকেন্দ্রে টিকাদান কার্যক্রম শুরু

ঝিনাইদহে করোনা ভাইরাসের টিকাদান কার্যক্রম আরো গতিশীল করতে সদর উপজেলা স্বাস্থ কেন্দ্রে শুরু হয়েছে টিকা প্রদান।
সোমবার সকাল ১০ টার দিকে কার্যক্রমের উদ্বোধন করেন সদর উপজেলা স্বাস্থ ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: শামীম কবির।

এসময় উপজেলা স্বাস্থ কেন্দ্রের মেডিকেল অফিসার রোগনিয়ন্ত্রণ বিভাগ ডা: আশিফা আশরাফী আইভী, মেডিকেল অফিসার ডা: সুমনা তাসনীম সহ উপজেলার বিভিন্ন পর্যায়ের স্বাস্থ কর্মীরা উপস্থিত ছিলেন।

জেলা সদর হাসপাতালের পাশাপাশি সদর উপজেলা স্বাস্থ কেন্দ্রে (পুরাতন হাসপাতাল) দুইটি বুথের মাধ্যমে টিকা প্রদান করা হচ্ছে। কেন্দ্র দুটি থেকে প্রতিদিন ছয় শত মানুষ সুরক্ষা এ্যাপে নিবন্ধনের পর মোবাইলে এসএমএস আসা সাপেক্ষে করোনার টিকা নিতে পারবেন।

২৩ আগস্ট পর্যন্ত সদর উপজেলায় ১ লক্ষ ৯৩ হাজার ৬৯৯ জন টিকা গ্রহনের জন্য নিবন্ধন করেছেন আর টিকার প্রথম ডোজ গ্রহন করেছেন ৬৮ হজার ৯৫৯ জন। দ্বিতীয় ডোজ সম্পন্ন হয়েছে ২৫ হাজার ৭২৬ জনের। বাকিরা অপেক্ষায় রয়েছে এসএমএস আসা সাপেক্ষে টিকা নেওয়ার আশায়।